



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ
ইনস্টিটিউট (বারটান)

...

| | |
|------------|---|
| সভাপতি | মোঃ আব্দুল ওয়াদুদ নির্বাহী পরিচালক |
| সভার তারিখ | ২৯ মে ২০২২ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | প্রশিক্ষণ কেন্দ্র, বারটান প্রধান কার্যালয়। |
| উপস্থিতি | সভায় উপস্থিত প্রধান ও ০৭টি আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের হাজিরা পত্র 'ক'। |

আলোচনাঃ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন), বারটান, জনাব মোঃ নজরুল ইসলাম গত ২৫ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা নিশ্চিতকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সহকারী পরিচালক (প্রশাসন) বিস্তারিত উপস্থাপন করেন। উপস্থিত সকল কর্মকর্তা তাদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রমিক নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|-----------|----------------------|-----------|--------------------------|
|-----------|----------------------|-----------|--------------------------|

| | | | |
|------------|--|--|---|
| <p>০১.</p> | <p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):</p> <p>০১. এপিএ-এর ফোকাল পয়েন্ট জনাব সৈয়দ সাব্বির আহমেদ, জনসংযোগ কর্মকর্তা এপ্রিল/২০২২ পর্যন্ত এপিএ-এর প্রতিটি সূচকের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন এবং এপিএ-এর সকল প্রমাণক সঠিকভাবে এবং সঠিক সময়ে সংরক্ষণ এবং প্রেরণের জন্য তিনি অনুরোধ করেন।</p> <p>০২. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব ফারজানা রহমান ভূঞা জানিয়েছেন যে, এপিএ-তে ৯০,০০০টি লিফলেট বিতরণের টার্গেট রয়েছে। তন্মধ্যে ৩য় ত্রৈমাসিক পর্যন্ত অর্জন ছিল ৫৪,০০০টি লিফলেট। পূর্ব মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী উদ্বৃত্ত অঞ্চলের লিফলেট ঘাটতি অঞ্চলে প্রেরণ করা হয়েছে। এপিএ টার্গেটের অবশিষ্ট ৩৬,০০০টি লিফলেট বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। ৪র্থ ত্রৈমাসিকের মধ্যে এপিএ টার্গেট অর্জিত হবে বলে তিনি জানিয়েছেন।</p> <p>০৩। নির্বাহী পরিচালক তাঁর আলোচনায় বলেন, এপিএ-এর বিষয়ে কোন গাফলতি গ্রহণযোগ্য হবে না।</p> | <p>০১. যথাযথভাবে লিফলেট বিতরণের মাধ্যমে লিফলেট বিতরণের এপিএ টার্গেট অর্জন করা।</p> <p>০২. এপিএ-এর সকল প্রমাণক ২০-২৫ তারিখের মধ্যে এপিএ টিমের সাথে যোগাযোগ করে প্রেরণ করা।</p> <p>০৩. এপিএ-এর কোন সূচকের অর্জন বাকি থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জবাবদিহি করতে হবে।</p> <p>০৪. ইনোভেশন/সেবা সহজিকরণের প্রশিক্ষণ বাস্তবায়ন করতে হবে।</p> | <p>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল); এপিএ টিম; অধ্যক্ষ (ভারপ্রাপ্ত); জনাব প্রিন্স বিশ্বাস, বৈজ্ঞানিক কর্মকর্তা; কর্মকর্তা/কর্মচারী (সকল)।</p> |
|------------|--|--|---|

| ক্রমিক নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|------------|--|--|--|
| <p>০২.</p> | <p>প্রশিক্ষণ:</p> <p>প্রশিক্ষণ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব ফারজানা রহমান ভূঞা বলেন যে, বারটানের প্রশিক্ষণের এপিএ টার্গেট ১২,০০০ জনকে প্রশিক্ষণ দেয়া। তন্মধ্যে মে/২০২২ পর্যন্ত ১১,৩৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৬৬০ জনকে প্রশিক্ষণ প্রদানের কাজ চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণের এপিএ টার্গেট অর্জিত হবে বলে নিশ্চয়তা প্রদান করেন।</p> | <p>০১. অবশিষ্ট ৬৬০ জনকে যথাসময়ে প্রশিক্ষণ দিতে হবে।</p> <p>০২. প্রয়োজনে প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে অতিরিক্ত ব্যাচে ফলিত পুষ্টি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা যাবে।</p> | <p>অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বারটান উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রধান ও আঞ্চলিক কার্যালয় (সকল)</p> |

| | | | |
|------------|--|---|---|
| <p>০৩.</p> | <p>গবেষণা:</p> <p>গবেষণা বিষয়ে আলোচনা উপস্থাপন করেন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব রওনক জান্নাত জেনী। বারটানের ল্যাবে যে যে পরীক্ষাগুলো করা যায় সেগুলো সম্পর্কে আলোচনা করেন। নির্বাহী পরিচালক তাঁর আলোচনায় বলেন, আমাদের গবেষণার জিনিসপত্র আছে, ইকুইপমেন্ট আছে। কিন্তু Know how তেমন নেই। ল্যাব সহকারীদের ল্যাব সম্পর্কে আরো জ্ঞান অর্জন করতে হবে। তিনি রংপুর আঞ্চলিক কার্যালয়ের বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ মারুফুর রহমানসহ অন্যান্য কর্মকর্তাদেরকে প্রধান কার্যালয়ে এসে ল্যাব ব্যবহারের নির্দেশ দেন।</p> | <p>০১. চলতি গবেষণাগুলো ৩০ জুন ২০২২ এর মধ্যে শেষ করা।</p> <p>০২. সঠিক সময়ে Research completion Report দেওয়া।</p> <p>০৩. প্রধান ও আঞ্চলিক কার্যালয়ের সকল বিজ্ঞানী কর্তৃক বারটানের ল্যাবের কার্যকর ব্যবহার নিশ্চিত করা।</p> | <p>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা; উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল); বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)।</p> |
| <p>০৪.</p> | <p>ই-নথি ও ওয়েবসাইট:</p> <p>ই-নথি এবং ওয়েবসাইটের উপর আলোচনা করেন প্রোগ্রামার জনাব এ.কে.এম. মোস্তফা কামাল হাবিব। তিনি গত এপ্রিল/২০২২ মাসের ই-নথিতে সামগ্রিক কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। তিনি তাঁর মন্তব্যে বলেন, ই-নথিতে সবাইকে আরো সক্রিয় হতে হবে।</p> | <p>০১. প্রধান কার্যালয়ের সকল পত্র ই-নথিতে জারী করা।</p> <p>০২. আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের ই-নথি ব্যবহারে সক্রিয় হতে হবে।</p> | <p>প্রোগ্রামার; উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান ও আঞ্চলিক কার্যালয়; কর্মকর্তা-কর্মচারী (সকল)।</p> |
| <p>০৫.</p> | <p>বারটানের জমি ও সীমানা:</p> <p>বারটান প্রধান কার্যালয়ের সীমানা প্রাচীর বহির্ভূত জমির বিষয়ে আলোচনা উপস্থাপন করেন জমি সংক্রান্ত কমিটির আহবায়ক বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ শরিফুল ইসলাম। তিনি জমির সীমানা চিহ্নিতকরণ এবং সীমানা বরাবর খুঁটি স্থাপন এবং প্রধান কার্যালয়ের জমির ম্যাপ প্রস্তুত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি তুলে ধরেন।</p> | <p>০১. জমিতে সাইনবোর্ড লাগাতে হবে।</p> <p>০২. প্রধান কার্যালয়ের জমির পূর্ণাঙ্গ এবং নির্ভুল ম্যাপটি সার্ভেয়ার থেকে অতিসত্তর সংগ্রহ করতে হবে।</p> <p>০৩. অবশিষ্ট খুঁটিগুলো বসাতে হবে।</p> | <p>জনাব মোঃ মাকছুদুল হক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা; জনাব মোঃ শরিফুল ইসলাম, বৈজ্ঞানিক কর্মকর্তা; জনসংযোগ কর্মকর্তা; সহকারী প্রশিক্ষক; উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক) ও উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়ের (সকল)।</p> |

| | | | |
|-----------|----------------------|-----------|--------------------------|
| ক্রমিক নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|-----------|----------------------|-----------|--------------------------|

| | | | |
|-----|--|--|--|
| ০৬। | সেমিনার/ওয়ার্কসপ: বারটান ০৭টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে বিভাগীয় পর্যায়ে সেমিনার বাস্তবায়নের বিষয়ে আলোচনা উপস্থাপন করেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব ফারজানা রহমান ভূঞা। সহকারী পরিচালক জনাব মোঃ নজরুল ইসলাম বলেন, পূর্ব মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক সেমিনার বাস্তবায়নের জন্য ০৭টি আঞ্চলিক কার্যালয়ে অর্থ ছাড় করা হয়েছে। | ০১. সেমিনারে বিভাগীয় কমিশনারদেরকে প্রধান অতিথি করা। ০২. জেলা প্রশাসকের অফিস/জেলা পরিষদের অথবা যে কোন উপযুক্ত ভেন্যুতে সেমিনার আয়োজন করা। ০৩. প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ রেখে যথাসময়ে সমস্ত প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | অধ্যক্ষ; উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়ের (সকল)। |
| ০৭। | বিবিধ: বারটানের চলমান পূর্ত কাজগুলোর বিষয়ে আলোচনা উপস্থাপন করেন জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী পরিচালক। নির্বাহী পরিচালক মহোদয় বারটানের পূর্ত কাজগুলো যথাসময়ে শেষ করার জন্য নির্দেশ দেন। | ০১. যথাসময়ে পূর্ত কাজগুলো বাস্তবায়ন করা। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল); উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়ের (সকল); উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক)। |

০২। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আব্দুল ওয়াদুদ
নির্বাহী পরিচালক

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.১৮.০০১.২২-৬০৭

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), ল্যাব গবেষণা বিভাগ, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান/আঞ্চলিক কার্যালয়।
- ৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৫) কর্মকর্তা (সকল), বারটান প্রধান কার্যালয়।



মোঃ আব্দুল ওয়াদুদ

